

[বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, ১৭ সেপ্টেম্বর ১৯৮৪]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

আইন ও বিচার মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

ঢাকা, ১৭ সেপ্টেম্বর ১৯৮৪

নম্বর ৭৭৭-পাবঃ- গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ১২ সেপ্টেম্বর, ১৯৮৪ তারিখে প্রণীত নিম্নবর্ণিত অধ্যাদেশটি এতদ্বারা সাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করা হইলঃ-

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (সংশোধিত) অধ্যাদেশ ১৯৮৪

(অধ্যাদেশ নম্বর- ৫৭, ১৯৮৪)

অধ্যাদেশ

বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট অধ্যাদেশ ১৯৮৪ সংশোধনকল্পে প্রণীত

যেহেতু প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট অধ্যাদেশ ১৯৮৪ (১৯৮৪ সালের ২৮ নং) অতঃপর উদ্ভূত উদ্দেশ্য সাধনকল্পে সংশোধন করা প্রয়োজন।

এক্ষণে, ১৯৮২ সালের ২৪ মার্চ তারিখের ঘোষণা অনুসারে এবং উক্ত ঘোষণায় প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারী করলেন।

১। সংক্ষিপ্ত শিরোনামঃ এই আইনটি বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট (সংশোধন) আইন, ১৯৮৪ বলিয়া অভিহিত হইবে।

২। ১৯৮৪ সালের ২৮ নং অধ্যাদেশ এর ৫, ৮, ১১ ও ১৭ ধারা প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৮৪ (১৯৮৪ সালের ২৮ নং আইন) এর ৫, ৮, ১১ ও ১৭ ধারা এর সংশোধন বলে 'পরিচালক' শব্দটি 'মহাপরিচালক' শব্দ দ্বারা প্রতিস্থাপিত হইবে।

ঢাকা  
১২ সেপ্টেম্বর, ১৯৮৪

এইচ এম এরশাদ, এনডিসি, পিএসসি  
লেপ্টেন্যান্ট জেনারেল  
রাষ্ট্রপতি

মোঃ আবুল বাশার ভূইয়া  
উপ-সচিব (ড্রাফটিং)